# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা পরিষদ, মেলান্দহ
## জামালপুর
### জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২০/০৭/২০২৩ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন/ না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সভায় জানানো হয় যে, আগামী ২৩ জুলাই ২০২৩ তারিখ "জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০২৩ " উদযাপন করা হবে, এ বছর এই দিবসের প্রতিপাদ্য বিষয় " সবার আগে সুশাসন, জনসেবায় উদ্ভাবন", এই দিবসে উপজেলায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে সরকারি সেবা কীভাবে জনগণের দোড়গোড়ায় পৌছানো সম্ভব হয়েছে তার বিভিন্ন ডকুমেন্টারি প্রজেক্টরে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। এছাড়া আগামী ২৭ জুলাই ২০২৩ তারিখ সাহিত্য মেলা এবং ২৮ জুলাই ২০২৩ তারিখ একদিনব্যাপী বই মেলা হবে, উক্ত মেলা সফল করার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | আলোচনান্তে, পাবলিক সার্ভিস দিবস, সাহিত্য মেলা ও বই মেলা সফল করার জন্য সকল দপ্তর প্রধানদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই সভায় সিদ্ধান্ত | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবসের সরকারী সকল নির্দেশনা বাস্তবায়ন করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রস্তুত রয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ১৩.০৬.২৩ খ্রি: তারিখ থেকে মাননীয় স্বাস্থ্য ও পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নির্দশানা মোতাবেক বৈকালিক স্বাস্থ্য সেবা শুরু হয়েছে ডেঙ্গুঃ ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য বিভিন্ন প্রকার প্রচারনা। খ) অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু পরীক্ষা চলমান রয়েছে। গ) ডেঙ্গু ওয়ার্ড চালু রয়েছে। ঘ) ১২.০৭.২৩ খ্রি: তারিখে ০২ জন ডেঙ্গু রোগী ভর্তি হন এবং সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেন, তারা ঢাকা থেকে বাড়ীতে এসেছিলেন, ২৫.০৩.২৩ ইং হতে ০৯.০৮.২৩ ইং পর্যন্ত মোট ৪০০ ডেঙ্গু কিট পরিক্ষা করা হয় এবং পজিটিভ হয় ৩৪ জন তারা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল জামালপুরে চিকিৎসা নেন। অত্র উপজেলায় এইচইডির মাধ্যমে ০৬ (ছয়) টি কমিউনিটি ক্লিনিক পুনঃ নির্মানাধীন রয়েছে। যার মধ্যে ০২ টি কমিউনিটি ক্লিনিক ১) বুরুঙ্গা কমিউনিটি ক্লিনিক ২) আমবাড়ীয়া কমিউনিটি ক্লিনিক হস্তান্তর করা হয়েছে এবং ০৪ টি বাগবাড়ী কমিউনিটি ক্লিনিক, সাধুপুর কমিউনিটি ক্লিনিক, আগপয়লা কমিউনিটি ক্লিনিক, পচা বহলা কমিউনিটি ক্লিনিক হস্তান্তরের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। গাইনি, অর্থোপেডিক, সার্জারী এবং ইএনটি কনসালটেন্টগণ নিয়মিত রোগী দেখার পাশাপাশি অপারেশন করছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/প্রসূতি সেবা/মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম যথা নিয়মে চলমান রয়েছে। | আলোচনান্তে সেবা মূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ০৩ দিনব্যাপী কৃষি মেলা আয়োজন ২। ১০০ জনছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে ফলের চারা বিতরণ ৩। রোপা আমনের ৫০ একর জমিতে প্রণোদনার মাধ্যমে বিনা মূল্যে রাইস ট্রান্সপ্লান্টেরর মাধ্যমে রোপন করা হয় ৪। সার ও বালাই নাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন ৫। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে। | ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১। মৎস্য ও পশুখাদ্য আইন-২০১০ এর আওতায় মেলান্দহ উপজেলায় খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠান /দোকান নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমানআছে ২। মৎস্য হ্যাচারি আইন-২০১০ এর আওতায় মেলান্দহ উপজেলায় মনোসেক্স তেলাপিয়া হ্যাচারি ও কার্প হ্যাচারির রেনু উৎপাদন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে ৩। জুন/২০২৩ মাসে মাঠ পরিদর্শন ও পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন হতে আগত ২৪ জন মৎস্য চাষি / পোনা মাছ চাষিকে চাহিদা মাফিক পুকুরের পানি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান করা হয়েছে ৪। চলমান এনএটিপি-২ প্রকল্প ৩০ জুন ২০২৩ খ্রি: সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, জুলাই/২৩খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬৭৫টি , সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৫৬টি , গাবদি পশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২১৬৬টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২২৭২১টি , খামার পরিদর্শন ০৮টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৮টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা ১২২জন,ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১ টি, ভ্যাক্সিনেশন ক্যাম্প ০৪ টি,টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ২,৬২৫ টাকা, সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৫০,৬২৫ টাকা এবং খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করে রাজস্ব আদায় হয়েছে ৬,০০০ টাকা, প্রাণি সম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোর গোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ নানা ধরনের প্রাণি সম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । ইউনিয়ন পর্যায়ে পিজি সদস্যদের জন্য ১৫৫ টি মুরগি ও ছাগল - ভেড়ার ঘর নির্মাণ এর জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে চেক বিতরণ করা হয়েছে, পিজি সদস্যরা উক্ত ঘর নির্মাণ করবে এবং উপজেলা মনিটরিং কমিটি ঘর নির্মাণের নিমিত্তে সার্বিক কার্যক্রম মনিটর করবে। | আলোচনান্তে, খামার পরিদর্শন, খামারিদের সহযোগিতা, অন্যান্য সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ইজিপিপি (প্লাস) কর্মসূচির আওতায় এ উপজেলায় প্রকল্প বাস্তবায়ন করা হবে। প্রকল্পের কাজ যথা সময়ে শুরু করার লক্ষ্যে প্রকল্পের তালিকা প্রস্তুত এবং পি-প্রকল্পের বিপরীতে শ্রমিক অন্তর্ভুক্ত করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর নির্দেশনা দেন। অধিদপ্তরের নির্দেশনার আলোকে উপ-প্রকল্প নির্বাচন এবং উক্ত উপপ্রকল্পে ইজিপিপি প্লাসের শ্রমিক অন্তর্ভুক্ত করে তালিকা দাখিল করার জন্য ইজিপি চেয়ারম্যান বরাবরে পত্র দেওয়া হয়েছে। এখন পর্যন্ত কোন ইউনিয়ন থেকে পূর্ণাঙ্গ তালিকা পাওয়া যায়নি। এমতাবস্থায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জরুরী ভিত্তিতে তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুন: অনুরোধ করেন। | আলোচনান্তে, নির্ধারিত সময়ের তালিকা প্রেরণের জন্য এই সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, (০১) সকল বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম সকল ইউনিয়ন ও পৌরসভা চত্বরে অনুষ্ঠিত হচ্ছে। ০২)পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ৫,০০,০০০/- বিভিন্ন স্কিমের বিপরীতে উপজেলা ক্ষুদ্রঋণ প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদনের মাধ্যমে ঋণ গ্রহীতাদের মাঝে বিতরন করা প্রয়োজন। (০৩) উপজেলা সমাজকল্যাণ পরিষদ (কমিটি) থেকে আর্থিক অনুদান প্রাপ্তির জন্য ২৭ টি আবেদন জমা পড়েছিল। উক্ত আবেদন যাচাই- বাছাই সাপেক্ষে কমিটির সিদ্ধান্ত মোতাবেক আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। (০৪) উপজেলা সমাজসেবা কার্যালয় মেলান্দহ,জামালপুর এর অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পোষাক তৈরি প্রশিক্ষণ কোর্স ৪ মাস, বেসিক কম্পিউটার ও আইসিটি এপ্রিকেশন-৬ মাস, ইলেকট্রনিক এন্ড হাউজ ওয়ারিং ৬ মাস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ৬ মাস, ইলেকট্রনিক্স ৬ মাস, কোর্সগুলো চলমান প্রক্রিয়া এক ব্যাচ শেষ হলে আর একটি ব্যাচ শুরু হয়। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, খ) হরিপুর হতে চিনিতোলা যাওয়ার রাস্তায় তালতলা খালের উপরে বাশের সাকো মেরামত বাবদ ২০০০০০ টাকা ও মেলান্দহ উপজেলার প্রাণি সম্পদ অফিসের গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ এর অবশিষ্টাংশ কাজের জন্য অতিরিক্ত ১২০০০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করা প্রয়োজন। | খ) আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ এর মাধ্যমে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২১-২০২২ সালের অডিট কার্য ০১/০৭/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে হতে ৪০,০০০ /-ঋণ আদায় করে জমা প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় ১৩(তের) টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধনের কার্যক্রম চলমান। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। ১৩/০৭/২০২৩ খ্রি. তারিখ হতে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) সমবায় সমিতি হতে ১০০ জন মহিলা ও পুরুষ সদস্যকে যথাক্রমে ০২ মাস ব্যাপী মোবাইল সার্ভিসিং ও টেইলারিং ও অন্যান্য ট্রেডে প্রশিক্ষণের জন্য ইএসডিও নারায়ণপুর জামালপুর প্রেরণ করা হয়েছে। | আলোচনান্তে, চলমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ১৭.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১০.০০ টাকা চলতি এবং ৩.৫০ টাকা খেলাপী ঋণ আদায় করা হয়েছে। খেলাপী ঋণ আদায় করার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের স্বাক্ষরে নোটিশ প্রদান করা হচ্ছে। চলতি অর্থ বছরে ১২টি প্রদর্শনী প্লট করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটির জন্য ৬০০০ টাকা। প্রদর্শনী প্লট সম্পন্ন হয়েছে ১২টি (মাসকলাই, তিল, খেশারী ডাল, পেয়াজ)। ৪০ জন সুফল ভোগীদের অপ্রধান শস্য উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৫টি স্কিম পাওয়া গেছে। ০৫ টি স্কিম চলমান আছে। | আলোচনান্তে, খেলাপী ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্রাফিসের জুলাই/২০২৩খ্রি: মাসের কার্যপত্র নিম্নরূপঃ ০১। ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স/২০২১ সালের পরীক্ষাগুলো সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে । ০২। শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধ-বার্ষিক ও ষান-মাসিক পরীক্ষাগুলো সুষ্ঠ ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে । ০৩। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে।০৪। বিদ্যালয় পর্যায়ে অনলাইন আইএমএস কার্যক্রম চলমান রয়েছে। ০৫। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২৩ হতে জুন/২৩ পর্যন্ত ভি.ডব্লিউ.বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া শেষ হয়ে গেছে, খাদ্যবান্ধব কর্মসূচির ডাটাবেজে এ নতুন তথ্যাদি আপলোড/যাচাই/ অন্তর্ভুক্তকরণ আগামী ১০.০৫.২৩ খ্রি: তারিখ হতে ৩০.০৬.২৩ খ্রি: তারিখের মধ্যে শেষ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ /২২-২৩ চাল বরাদ্দ, ৬৯৮৪.০০০ মে:টন। ধান বরাদ্দ, ১৭২৯.০০০ মে:টন। সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২০২৩ ইং ৩১.০৮.২০২৩ ইং পর্যন্ত। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনী এলাকা ও উপজেলা পরিষদ ওয়ারি কাবিখা কার্যক্রম পর্যায়ে চালের বরাদ্দ পাওয়া গেছে। ফুড গ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা মনিটরিং চলমান এবং লাইসেন্স ইস্যু চলমান। | উপজেলা খাদ্য কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | বিবিধ | ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানায় যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহারিক নির্দেশনা ২০২০ এর ৩(ণ) নং অনুচ্ছেদ মোতাবেক যানবাহন মেরামত করার জন্য ১০০,০০০ টাকা ব্যয় করা প্রয়োজন।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরের অবকাঠামো উন্নয়নের জন্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার জন্য যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নোক্ত উপ প্রকল্প অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উপ প্রকল্প ০১. মেলান্দহ উপজেলার জাহানারা লতিফ মহিলা কলেজের শ্রেণীকক্ষ নির্মাণ বরাদ্দ ৪৩,০০,০০০/- (তেতাল্লিশ লক্ষ) টাকা। উপ প্রকল্প ০২. ইমামপুর কারিগরী মহিলা কলেজ মেলান্দহ এর কম্পিউটার ল্যাবের জন্য ডেস্কটপ ও অন্যান্য উপকরণ সরবরাহ- বরাদ্দ ১২২৫০০০/- ( বার লক্ষ পচিশ হাজার) টাকা। | ক) আলোচনান্তে, বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হলো। প্রকল্প সমূহের প্রাক্কলন ও ডিজাইনসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি অনুমোদনের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণে সিদ্ধান্ত হয়। | ক) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার<br>খ) উপজেলা চেয়ারম্যান , উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ও ইউডিএফ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা.মেলা.২০২৩.২৭

তারিখ : ২০.০৭.২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

২০/০৭/২৩

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.২৮ তারিখঃ ১৭.০৭.২০২৩

নোটিশ

আগামী ২০.০৭.২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২০.০৭.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৯.০৭.২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৭.০৭.২৩

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

........................................................
........................................ সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.২৮ তারিখঃ ১৭.০৭.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

১৭.০৭.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

# জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ২. | শফিক জাহেদী রবিন<br>মেয়র মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মেয়র হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৪. | ডাঃ মোঃ ইউনুস আলী<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ৫. | জেসমিন আখতার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ৬. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মোঃ আঃ ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | ০১৭১২৩০০৪২৫ | |
| ৮. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | ০১৯১৬৯৯৮৫৬৬ | |
| ১০. | মোঃ শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মোঃ রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | ০১৯৮০৫৯৫৯২০ | |
| ১২. | মোঃ শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১৩. | মোঃ মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১৪. | মোঃ সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | |
| ১৫. | মোছাঃ আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৬. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 01712-391939 | |

# জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: সেলিম মিঞা, উপজেলা নির্বাহীঅফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | ০১৭০১২৪৮৬১২ | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01741-830383 | MO (MCH-FP) |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | |
| ০৫ | মো: মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ০১৭০৮৮২০০২০<br>ufomelandaha@fisheries.gov.bd | 25/07/23 |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | 01743289040 | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01721330075 | |
| ০৮ | আসাদুল ইসলাম<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01764468852 | |
| ০৯ | ~~মো: মোস্তফা কামাল~~ মু: শফিকুল ইসলাম খান<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | | |
| ১০ | সাজেদা আরফিন<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01716-520824 | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977 | |
| ১২ | ~~শুভাশিস রায়~~ [illegible] রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721-704152 | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | |
| ১৪ | মো: হাবিবুল্লাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710151853 | |
| ১৫ | মো: নাছির উদ্দিন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01991133059 | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | Siraj |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717189658 | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ০১৭২০৮৮০৭০২<br>ucfmelandaha856@gmail.com | 25/7/23 |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | | |